

মনে পড়ে

❖ বিষুপদ দে।

সঞ্জীবকে হঠাৎ মনে পড়ে গেল
তোর এত সুন্দর লেখা
বলেছিল একদিন
আর এত অযত্ন করিস তাতে ?
আরেকবার যখন আমাকে
দেখতে এল ফেল করার পর
বলল; 'পরিশ্রম' শুধু একটাই শব্দ
শব্দটা সাফল্যের চূড়ায় নিয়ে গেছিল
আরও কত কি
কত আড্ডা দিয়েছি সেদিন
পানিসাগরের এক বৃষ্টিবন্ধ দোকানে
অথবা তার বাড়ীতে বসে
তর্কের ফোয়ারা উড়িয়েছি দুজনে
ছাবুয়াল থেকে নেমে আসার পর
তার নেতি-বিষ-মাখা প্রশ্নের ঝড়ে
মনে পড়ে আমার নির্বন্ধ হবার ঘটনা
সত্যিই
জবাবগুলো জানা ছিল না
শুধু অবাক চোখে দেখতাম তাকে
যার প্রেরনায় আজকের আমি
সেই কিনা 'কীটস' - এর মত
নিরাশার ব্যাকহোলে হয়েছে পরিনত
ডাক্তারেরা বলবেন হয়ত:
রোগ বংশগত (Hereditary Disease)
কিন্তু আমি বলবো
সঞ্জীবের মৃত্যুর পেছনে
হয়ত আরও কিছু
হয়ত সমাজের বিশ্বাসঘাতকতাও
অনেকটাই দায়ী
আফশোস হয় শেষবার যখন
দেখা হয় দুর্জনায়
বাইকে লিফট দেয়ার মত অবস্থা
ছিলনা টায়ারের

যদি দিতাম তবে টায়ার ফাটতো
কিন্তু ওর কথা মনে হলেই
বুকটা ফেটে চৌচির হত'না আজীবন
সে না দেওয়ার অক্ষমতা
কু'রে কু'রে খেতনা আমার মনটাকে
এখন যেভাবে
সঞ্জীবের ফাঁসীতে ঝোলা দেহটাকে
মনে করে আমি হতচকিত হই
যখন যখন স্মৃতিপাশে আমি আবদ্ধ হই,
আমার প্রিয় বন্ধু সঞ্জীবকে
মনে পড়ে, খুব মনে পড়ে।

(পুনঃসংকলিত - ১৪ই জুলাই ২০১৫)

* * * *